

গাড়িপ্রেমীদের নজরে বেইজিংয়ের অটো শো

- A Monitor Desk Report

Date: 27 April, 2024



বেইজিং: চীনের রাজধানীতে শুরু হয়েছে ‘বেইজিং অটো শো’। বৃহস্পতিবার (২৫ এপ্রিল) শুরু হওয়া বিশ্বের বৃহত্তম এ প্রদর্শনীর অন্যতম আকর্ষণ বিদ্যুচ্চালিত গাড়ির (ইভি) নতুন নতুন মডেলের উপস্থিতি।

বেশ আগে থেকেই বৈশ্বিক ব্র্যান্ডগুলো এ প্রদর্শনীতে চমকে দেয়ার ঘোষণা দিয়েছিল। অবশ্য এসবের মধ্যে আলোচনায় রয়েছে চীনে বাজারের একের পর এক নতুন কোম্পানির অন্তর্ভুক্তি ও গাড়ির মূল্যহ্রাস। এছাড়া বিদেশে রফতানি নিয়ে চীনা কোম্পানির সামনে থাকা সংকট তো রয়েছেই। এ অটো শোর আগে সুইডিশ কোম্পানি পলস্টার অটোমোটিভ জানায়, চীন থেকে উৎপাদন ব্যবস্থা স্থানান্তর করার পরিকল্পনা করছে তারা।

অন্যদিকে জার্মানির লাক্সারি ব্র্যান্ড মার্সিডিজ-বেঞ্জ বলছে, বেইজিং অটোমোটিভ গুপের সঙ্গে বিনিয়োগ ও চুক্তি অব্যাহত রাখতে চায়। টয়োটার সঙ্গে টেক জায়ান্ট টেনসেন্ট ও নিসানের সঙ্গে বাইডুর চুক্তির কথাও এখন বেশ আলোচনায়। অবশ্য সব গাড়ি নির্মাতার সামনেই রয়েছে প্রযুক্তিগত একটি চ্যালেঞ্জ—কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) নতুন নতুন ব্যবহার। এ কারণে অংশীদারত্ব ও সংযোগ আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

বেইজিং অটো শো তেমন কিছু ফিউশনের দুর্দান্ত এক প্রদর্শনী। চীনের ইভি খাত এখন বিলাসী গাড়ির দিকে মনোযোগ দিয়েছে, যা এর আগে ক্রেতারা দেখেননি। চীনের বৃহত্তম ইভি নির্মাতা প্রিমিয়াম ব্র্যান্ডের সেডান ও অলট্রা লাক্সারি মডেল সামনে আনার ঘোষণা দিয়েছিল আগেই।

এছাড়া চীনের বাজারের জন্য নতুন মডেলের ঘোষণা দিয়েছে নিসান ও মাজদা। নিও, স্মার্টফোন জায়ান্ট শাওমিও নতুন গাড়ির ঘোষণা দিয়েছে। এসব নিয়ে জমজমাটভাবে শুরু হয়েছে বেইজিং অটো শো।

